| | | | |
|---|---|---|---|
| ৬.২ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বক্তব্য প্রদান করেন। তিনি জানান, সকলের সার্বিক সহযোগিতায় রাজবাড়ী সদর উপজেলায় গত ০৭ অক্টোবর/২২ হতে ২৮ অক্টোবর/২০২২ পর্যন্ত মা ইলিশ সংরক্ষণ অভিযান সফলভাবে বাস্তবায়িত হয়েছে। ২২জন জেলেকে বিভিন্ন মেয়াদে জেল প্রদান করা হয়েছে। ৪৪,৫০০/- টাকা জরিমানা আদায় করা হয়েছে ও ৫,৫০,০০০ মিটার কারেন্ট জাল ধ্বংস করা হয়েছে। ১লা নভেম্বর হতে ৩০ জুন পর্যন্ত জাটকা সংরক্ষণ অভিযান পরিচালিত হবে। জাটকা সংরক্ষণ অভিযান সফল বাস্তবায়নে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের সার্বিক সহযোগিতা প্রয়োজন। কোন বাজারে ১০ ইঞ্চির নিচে ইলিশ মাছ বিক্রয় না হয় সে লক্ষ্যে চেয়ারম্যানগণ স্থায়ীভাবে কমিটি করে দিলে জাটকা মাছ বিক্রয় রোধ হবে। | নীতিমালার আলোকে সার্বিক কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর |
| ৬.৩ | উপজেলা সমাজসেবা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী এর প্রতিনিধি জানান যে, ২০২২-২৩ অর্থ বছরের ভাতা বিতরণ কার্যক্রম অব্যাহত আছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | নীতিমালার আলোকে কার্যক্রম পরিচালনা করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী |
| ৬.৪ | উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, প্রাথমিক শিক্ষার গুনগতমান বৃদ্ধির লক্ষ্যে বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | বিদ্যালয়সমূহ পরিদর্শন এর ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী |
| ৬.৫ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | আনসার সদস্যদের প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | আনসার ও ভিডিপি অফিসার, রাজবাড়ী সদর। |
| ৬.৬ | জনাব মোঃ রমজান আলী খাঁন, সভাপতি, উপজেলা আওয়ামীলীগ, রাজবাড়ী সদর জানান যে, মাটিপাড়া কাজী ছমিরউদ্দিন উচ্চ বিদ্যালয়ের ক্লাস শুরুর পূর্বে ও ক্লাস শেষে বাড়ী ফেরার পথে মাটিপাড়া বাজার হতে ঈদগাঁ মাঠ পর্যন্ত রাস্তায় মোটরসাইকেল যোগে মেয়েদের ইভটিজিং করে। পুলিশ টহল জোরদার করা হলে ইভটিজিং বন্ধ হবে। | ইভটিজিং বন্ধ করতে হবে। | অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা |
| ৬.৭ | প্রধান শিক্ষক, রাজবাড়ী সরকরি বালিকা উচ্চবিদ্যালয়, রাজবাড়ী এর প্রতিনিধি জানান যে, বিদ্যালয়ের প্রধান গেটের সামনে বৈদ্যুতিক পিলার ভেঙ্গে ঝুলে আছে। যে কোন সময় বড় ধরনের দুর্ঘটনা হতে পারে। জরুরীভিত্তিতে পিলারটি অপসারণ করা প্রয়োজন। স্কুল ছুটির সময় মক্তব মোড়ে ছাত্রীদেরে উত্যক্ত করা হয়। স্কুল ছুটির সময় পুলিশ টহল প্রদান করলে ইভটিজিং বন্ধ হবে। | পুলিশী টহল অব্যাহত রাখতে হবে ও বিদ্যুৎ এর পিলার অপসারণ করতে হবে। | অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা ও আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ), রাজবাড়ী সদর |
| ৬.৮ | অধ্যক্ষ, আদর্শ মহিলা কলেজ, রাজবাড়ী এর প্রতিনিধি সভায় জানান যে, কলেজের সামনে আফসানা নামে একটি মেয়ে দুর্ঘটনা কবলিত হয়েছে। রাস্তায় গতিরোধক নির্মাণ করা হলে দুর্ঘটনা রোধ হবে। | নীতিমালার আলোকে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সড়ক ও জনপথ বিভাগ |
| ৬.৯ | জনাব মোঃ মজিবুর রহমান, চেয়ারম্যান, পাঁচুরিয়া ইউনিয়ন পরিষদ জানান যে, ইউনিয়নের আশে পাশে ১৭টি ইট ভাটা আছে। ৪৬টি স্থান থেকে মাটি কাটা হচ্ছে। মাটি ভর্তি ট্রাক চলাচলের কারণে রাস্তা ও পরিবেশ নষ্ট হচ্ছে। অবৈধবাবে মাটি কাটা বন্ধ করা প্রয়োজন। | অবৈধভাবে মাটি কাটা বন্ধ করতে হবে। | অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা |
| ৬.১০ | জনাব একেএম ইকবাল হেসেন, চেয়ারম্যান, খানখানাপুর ইউনিয়ন পরিষদ জানান যে, এলাকার দোকানসমূহ অধিক রাত পযন্ত খোলা থাকার কারণে এলাকার অপরাধ বৃদ্ধি পাচ্ছে। রাত ৮ টার পরে দোকান বন্ধ করলে ও মাদক বিক্রয়ের চিহ্নিত এলাকায় পুলিশ টহল বৃদ্ধি করা হলে মাদক নিয়ন্ত্রণ ও এলাকার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক থাকবে। | রাত ৮টার পরে দোকান বন্ধ ও নিয়মিত পুলিশী টহল প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা |
| ৬.১১ | জনাব মোঃ দেলোয়ার শেখ, চেয়ারম্যান, দাদশী ইউনিয়ন পরিষদ জানান যে, এলাকার বিভিন্ন স্থানে কেরাম ও মোবাইলের মাধ্যমে জুয়া খেলা হচ্ছে। সরকার নির্ধারিত সময়ের পরে দোকান বন্ধসহ পুলিশ টহল জোরদার করা হলে এলাকার চুরি রোধ, জুয়াখেলা বন্ধ ও আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে থাকবে। | রাত ৮ টার পরে দোকান বন্ধ ও নিয়মিত পুলিশী টহল প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা |
| ৬.১২ | জনাব মোঃ টুকু মিজি, চেয়ারম্যান, মিজানপুর ইউনিয়ন পরিষদ জানান যে, ইউনিয়নের বিভিন্ন স্থানে জুয়া খেলা ও মাদক বিক্রয় হয়। রাত ৮টার পরে দোকান বন্ধ এবং মাদক বিক্রয়ের চিহ্নিত এলাকায় পুলিশ টহল বৃদ্ধি করা হলে মাদক নিয়ন্ত্রণ ও এলাকার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক থাকবে। | নিয়মিত পুলিশী টহল প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা |
| ৬.১৩ | জনাব ওহিদুজ্জামান শেখ, চেয়ারম্যান, মূলঘর ইউনিয়ন পরিষদ, রাজবাড়ী সদর জানান যে, ইউনিয়নের আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণের লক্ষ্যে অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা এর উপস্থিতিতে আইন শৃঙ্খলা সভা করা হয়েছে। সভার পরে এলাকায় মাদক সেবন ও বিক্রয় হ্রাস পেয়েছে। ইউনিয়নের দায়িত্ব প্রাপ্ত বিট পুলিশ অফিসার আরো তৎপর হলে এলাকা মাদকমুক্ত করা সম্ভব হবে। | ১) বিট পুলিশী কাযক্রম বৃদ্ধি করতে হবে। | অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা |
| ৬.১৪ | জনাব মোছাম্মৎ শেফালী আক্তার, চেয়ারম্যান, বানিবহ ইউনিয়ন পরিষদ জানান যে, বারীগ্রাম বিলে ইলেকট্রিক শক দিয়ে মাছ ধরা চোর ধরা পরেছে। বিল বা পুকুর থেকে ইলেকট্রিক শক দিয়ে মাছ ধরে এ ধরনের চোরের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। | ইলেকট্রিক শক দিয়ে মাছ ধরে এ ধরনের ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মৎস্য অফিসার, রাজবাড়ী সদর |

